

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৩১

পানিসাগর, ৮ জুলাই, ২০২৪

জল জীবন মিশন
পানিসাগর ব্লকে পান্স্প অপারেটরদের নিয়ে প্রশিক্ষণ শিবির

জল জীবন মিশনে পানিসাগর ব্লকে সম্প্রতি পান্স্প অপারেটরদের নিয়ে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে পান্স্প অপারেটরদের মধ্যে যন্ত্র সামগ্ৰীও বিতরণ কৰা হয়েছে। রৌয়া কমিউনিটি হলে আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন কৱেন উত্তৰ ত্রিপুরা জিলা পরিষদের সভাধীপতি ভবতোষ দাস। শিবিরে পানিসাগর ব্লকের ৭০ জন ও যুবরাজনগর ব্লকের ৮০ জন পান্স্প অপারেটর অংশ নেন। পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের বাস্তুকারণ তাদের প্রশিক্ষণ দেন।

শিবিরের উদ্বোধন কৱে জিলা পরিষদের সভাধীপতি বলেন, জল জীবন মিশনে গ্রামীণ এলাকার প্রতিটি বাড়িতে পাইপ লাইনে পরিশ্রিত পানীয়জলের সংযোগ দেওয়া হচ্ছে। এই মিশনে বাড়ি বাড়ি সারা বছৰ পানীজলের সরবরাহ যাতে অক্ষুন্ন থাকে সেই লক্ষ্যেই পান্স্প অপারেটরদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিনয়ভূষণ দাস, পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সঞ্জয় দাস, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মহানন্দ দেবনাথ প্রমুখ। সভাপতিত্ব কৱেন পূর্ব রৌয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান মালতি রানী নাথ। স্বাগত বক্তব্য রাখেন পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের কার্যনির্বাহী বাস্তুকার মনোরঞ্জন দেববৰ্মা।
